

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.২৭.০১২.২০।৬১১৭

তারিখ: ২৬.১০.২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

এলজিইডি'র সর্বস্তরে কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে সদর দপ্তর ও মাঠ পর্যায়ে উন্নয়নমূলক কাজের অগ্রগতি, প্রশাসনিক ও দাপ্তরিক তথ্য আদান-প্রদানের নিমিত্ত সদর দপ্তর ও মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণকে কর্পোরেট মোবাইল সিম সরবরাহ করা হয়েছে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় কর্মকর্তা কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করছেন এবং অনেক কর্মকর্তার নামে বরাদ্দকৃত কর্পোরেট মোবাইল সিম বন্ধ পাওয়া যাচ্ছে। ফলে জরুরী প্রয়োজনে তাদেরকে না পাওয়ায় সরকারি কাজে মারাত্মক বিঘ্নের সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, সদর দপ্তর ও মাঠ পর্যায়ে কর্পোরেট মোবাইল সিম বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তাগণকে দাপ্তরিক প্রয়োজনে যোগাযোগের সুবিধার্থে কর্পোরেট মোবাইল সিম সার্বক্ষণিক খোলা রাখার জন্য এবং আবশ্যিকভাবে ব্যবহার করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।


(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোন: ৫৮১৫২৮০২
ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- (১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি,.....বিভাগ,.....।
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,.....অঞ্চল,.....।
- (৫) প্রকল্প পরিচালক,....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা:.....।
- (৭) সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- (৮) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।